গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
বিভাগীয় সদর দপ্তর, ৭ম তলা
উত্তর ইউনিট, উত্তম, রংপুর-৫৪০০।
www.coop.rangpurdiv.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.৩২১.০৮.০০০১.২১.২৬৪

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনাব মো: আকতারুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার, উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় গত ১৬.০৯.২০১৫ খ্রি: হতে ৩০.০৯.২০১৫ খ্রি: পর্যন্ত ১৫ (পনের) দিন ভাতাসহ শ্রান্তি বিনোদন ছুটি ভোগ করেন। চাকরিকাল ০৩ (তিন) বছর পূর্ণ ও অর্জিত ছুটি প্রাপ্যতা স্বাপেক্ষে তাঁর পরবর্তী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা গত ১৬.০৯.২০১৮ খ্রি: হতে ৩০.০৯.২০১৮ খ্রিঃ তারিখ পাওনা হয়। কিন্তু কর্মীকে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন-১৯৯০ অনুযায়ী মাদকদ্রব্য সেবন করার অপরাধে তেঁতুলিয়া মডেল থানার পুলিশ কর্তৃক ২৫.০৬.২০১৮ খ্রি: তারিখ গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করেন। সমবায় অধিদপ্তরের ১২.০৭.২০১৮ তারিখের ১৪১১-এ/ও নং আদেশ বলে বি.এস.আর পার্ট-১ এর ৭৩ বিধির নোট (২) মোতাবেক তাঁকে জেল হাজতে প্রেরণের তারিখ অর্থাৎ ২৫.০৬.২০১৮ খ্রি: তারিখ চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়। সেহেতু কর্মী পরবর্তী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা গ্রহন করেননি। পরবর্তীতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের আদেশ নং ৯০৮-এ/ও, তারিখ: ২৮/০৭/২০২৪ খ্রি: মূলে কর্মীর চাকুরি হতে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হয় এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হয়। কর্মী গত ২০.০৮.২০২৪ খ্রি: তারিখে স্ব-পদে যোগদান করেন। । এ হিসেবে সমবায় অধিদপ্তর, ঢাকা এর সর্বশেষ কর্মবণ্টন এর ২১ নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা এর ৩(১)(২)(বি) বিধি এবং তৎসহ বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯ মোতাবেক মো: আকতারুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার, উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় ১১/০৬/২০২৫ খ্রি. হতে ২৫/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১৫ (পনের) দিনের পূর্ণগড় বেতনে শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর করা হলো এবং তাঁর ০১(এক)মাসের মূল বেতনের সমপরিমাণ ১৯৪১০/- (উনিশ হাজার চারশত দশ) টাকা মাত্র বিনোদন ভাতা মঞ্জুর করা হলো । তিনি পরবর্তীতে শ্রান্তি ও বিনোদন ছুটি ১১/০৬/২০২৮ খ্রি. তারিখ হতে পাপ্য হবেন ।

০২। সংশ্লিষ্ট কর্মচারী ছুটি শেষে একই পদে ও একই বেতনে কাজে যোগদান করবেন এবং তার চাকরি ০৩(তিন) বৎসর উত্তীর্ণ হয়েছে ।

১৮-০৫-২০২৫
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮-৮১০৩৯৬ (ফোন)
০২৫৮৮-৮১০৩৯৫ (ফ্যাক্স)
jr.rangpur@coop.gov.bd

৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.৩২১.০৮.০০০১.২১.২৬৪/১ (৫)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, পঞ্চগড়।

২। উপজেলা সমবায় অফিসার, তেঁতুলিয়া পঞ্চগড়।, উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া পঞ্চগড়, উপজেলা সমবায় কার্যালয়, তেতুলিয়া, পঞ্চগড়।

৩। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড়।

৪। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর , যুগ্ম নিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর । তাঁকে জারিকৃত আদেশ বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর এর ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।

৫। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া পঞ্চগড়, উপজেলা সমবায় কার্যালয়, তেতুলিয়া, পঞ্চগড়।

১৮-০৫-২০২৫
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)